গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/মাস্টার্স (নিয়মিত)ভর্তি/২০-২১/২০২২/২০১ তারিখ: ২০ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি নং-১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২০-২০২১/৪৮৫৭ তারিখ: ৩১/০৮/২০২২ মোতাবেক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন নিম্নোক্ত যোগ্যতা ও সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে। উক্ত কোর্সে আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীদের নিম্নবর্ণিত ধাপ অনুযায়ী আবেদন করতে হবে।

## আবেদনের যোগ্যতা ও শর্তাবলি:

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির কার্যক্রমে আবেদন করতে পারবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/প্রথম বর্ষ মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির কার্যক্রমে আবেদন করতে পারবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স (নিয়মিত)/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা যেকোনো প্রোগ্রামের অধীনে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। "এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোনো বিশ্ববিদ্যালয়ের অধীনে কোনো শিক্ষাকার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকব"- মর্মে আবেদনকারী স্বাক্ষরিত একটি অঙ্গিকারনামা অনলাইনে আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।

## ভর্তির কার্যক্রমের ধাপসমূহ ও সময়সূচি:

| ক্রমিক | করণীয় | আবেদনের তারিখ |
|---|---|---|
| ১ | **প্রথম ধাপ: অনলাইনে প্রাথমিক আবেদন পূরণ:**<br>শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনের মাধ্যমে আবেদন ফরম পূরণ করতে হবে। এই অপশনে শিক্ষার্থী তার উত্তীর্ণ স্নাতক (সম্মান), স্নাতক (পাস) ও মাস্টার্স (নিয়মিত)/ প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর, ই-মেইল এবং সঠিক জেন্ডার (মহিলা/পুরুষ) এন্ট্রি দিতে হবে। শিক্ষার্থী তার পছন্দ অনুযায়ী একটি কলেজের নাম select করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে তার ভর্তিযোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে এবং সতর্কতার সংগে প্রার্থিত বিষয়ে নির্ধারণ করবে। আবেদন ফরমে শিক্ষার্থী তার সদ্য তোলা ছবি (মাপ 120×150 Pixels, Image type: jpg এবং maximum file size: 50kb) স্ক্যান করে আপলোড করতে হবে। এছাড়াও আবেদনকারীকে দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গিকারনামার কপি অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে।<br>আবেদনকারী সঠিক তথ্য ও ছবিসহ অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করে submit Application অপশনে গিয়ে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন নম্বর প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি download করে A4 অপসেট সাদা কাগজে প্রিন্ট নিতে হবে। সঠিকভাবে ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) শিক্ষা কার্যক্রমের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করতে হবে। | ০৫/০৯/২০২২ বিকাল ০৪টা থেকে ২০/০৯/২০২২ রাত ১২টা পর্যন্ত |
| ২ | **দ্বিতীয় ধাপ (আবেদন জমাকরণ):**<br>প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ৩০০/- (তিনশত) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনেরো) টাকা} সর্বমোট=৩১৫/- (তিনশত পনেরো) টাকা ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।<br>কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে Online Admission Option গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সে ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ সম্পন্ন হবে। | ০৬/০৯/২০২২ থেকে ২২/০৯/২০২২ |
| ৩ | **কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়নের তারিখ:**<br>কলেজে যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তার মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানতে পারবে। | ০৬/০৯/২০২২ থেকে ২৫/০৯/২০২২ |

**সাধারণ নির্দেশনা:**

ক) ভর্তি কার্যক্রমের সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.nu.ac.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।

খ) সংশ্লিষ্ট কোর্সে একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ) ভর্তির আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি বাতিলসহ ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলী সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

| ভর্তিচ্ছু কোর্স ও বিষয় | ভর্তিচ্ছু কোর্স ও বিষয় |
|---|---|
| Master of Arts (MA) Subject:<br>(1) Bangla, (2) English, (3) History<br>(4) Islamic History & Culture, (5) Philosophy | Master of Social Science (MSS) Subject:<br>(1) Political Science, (2) Sociology,<br>(3) Economics |
| Master of Science MSc) Subject:<br>(1) Physics, (2) Chemistry, (3) Botany,<br>(4) Zoology, (5) Mathematics | Master of Business Administration (MBA) Subject:<br>(1) Accounting, (2) Management |

**পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:**

প্রাথমিক আবেদন ফরমের নির্ধারিত ফি জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তার সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Master's Tab-এ Applicant's Login [Masters (Regular)] অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change অপশনে গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থীর তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে তা বাতিল করা যাবে না।** শিক্ষার্থী ফরম বাতিলের সুযোগ মাত্র একবারই পাবে।

**ফলাফল:**

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ফলাফল প্রকাশিত হবে।

খ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট website (www.nu.ac.bd/admissions)/SMS (nu<space>atmf <space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

**বি:দ্র: সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিজ্ঞপ্তি অনুসরণ করার জন্য বলা হলো।**

**প্রয়োজনে:** জনাব মোছা. ফারহানা ফারুক, সহকারী অধ্যাপক, অর্থনীতি (০১৫৫৮৪৩৩১৩৬), জনাব মো. সোহরাব আলী, সহকারী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (০১৭১৯৮৮৫১৬৯) এবং জনাব মো. রকিবুল হাসান, সহকারী অধ্যাপক, রসায়ন (০১৭২৩৩৮৮৩৮১)

প্রতি স্বাক্ষর

০৪/০২/২০২২

(প্রফেসর মো. আবু বক্কর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

৪/২/২০২২

(মো. সাজেদুল ইসলাম)
আহ্বায়ক
মাস্টার্স (নিয়মিত) ভর্তি ও পরীক্ষা কমিটি ২০২০-২০২১
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

৪/২/২২

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ
৩. হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪. অফিস নথি